



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৭৩০০.০৪২.১৪.০৩৮.১৭.২১৭০


তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮  
১৩ অক্টোবর ২০২১

**বিষয় : ২০২১-২২ অর্থবছরে নীলফামারী জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় স্কিম অনুমোদন।**

সূত্র : জেলা পরিষদ, নীলফামারী এর স্মারক ৪৬.৪৭.৭৩০০.০০২.১৪.০০১.২১.১২০, তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২২ অর্থবছরে খুলনা জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দকৃত ৬২৫.০০ লক্ষ (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৮৯টি স্কিম অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, এডিপি বরাদ্দকৃত অর্থে জেলা পরিষদসমূহ কর্তৃক স্কিম গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ২০নং পরিপত্র মূলে একটি গাইডলাইন রয়েছে (কপি সংযুক্ত)। উক্ত গাইডলাইনে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)-এর মাধ্যমে অনূর্ধ্ব ৪০% স্কিম বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। কিন্তু, সূত্রস্থ স্মারকে পিআইসি'র মাধ্যমে মোট ৪৫৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৮৬টি স্কিম বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে, যা মোট বরাদ্দের ৭২.৪৮%।

২। এমতাবস্থায়, উক্ত পরিপত্র অনুসরণে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)-এর মাধ্যমে অনূর্ধ্ব ৪০% স্কিমের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নীলফামারী।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]